

প্রেস রিলিজ

তারিখ: সিরাজগঞ্জ, ৯ এপ্রিল ২০১৮

গ্রাম আদালত সম্পর্কে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধিতে 'গণমাধ্যমের ভূমিকা' -শীর্ষক পরামর্শ সভা

আজ জেলা প্রশাসন, সিরাজগঞ্জ গ্রামীণ জনগণ বিশেষ করে নারী, দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে গ্রাম আদালত সম্পর্কে ব্যাপক জনসচেতনতা বৃদ্ধিতে 'গণমাধ্যমের ভূমিকা' শীর্ষক একটি পরামর্শ সভা সিরাজগঞ্জ জেলা শহরে আয়োজন করেছে। বাংলাদেশ সরকার, ইউরোপীয়ান ইউনিয়ন এবং ইউএনডিপি এর আর্থিক সহায়তায় পরিচালিত বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প এর সহযোগিতায় অনুষ্ঠিত এ পরামর্শ সভায় বিভিন্ন জাতীয় ও স্থানীয় দৈনিক, টিভি চ্যানেল এবং অনলাইন প্রতিকার ৫০ জন সাংবাদিক উপস্থিত ছিলেন।

এ পরামর্শ সভায় প্রধান অতিথি হিসেবে জনাব কামরুন নাহার সিদ্দীকা, জেলা প্রশাসক, সিরাজগঞ্জ তার বক্তৃতায় বলেন, গ্রামে অনেক ছোটখাটো ঘটনা ঘটলেও সাধারণ মানুষ তার প্রতিকার চাইতে থানা বা জেলা আদালতে আসেন যাতে অনেক সময় ও অর্থ ব্যয় হয়। গ্রাম আদালতের সেবা সম্পর্কে গণমাধ্যম বিভিন্ন সংবাদ প্রচার করে সাধারণ মানুষের মাঝে জনসচেতনতা বাড়াতে কার্যকর ভূমিকা রাখতে পারেন। তিনি বলেন গত জানুয়ারী, ২০১৭ ইং থেকে বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প সিরাজগঞ্জ জেলার ০৫টি উপজেলার(সিরাজগঞ্জ সদর, রায়গঞ্জ, কাজিপুর, বেলকুচি এবং তাড়াশ) ৪৫টি ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে। তিনি আরও বলেন সরকারের নিজস্ব অর্থায়নে প্রকল্প বহির্ভূত ০৪টি উপজেলাতেও গ্রাম আদালত সক্রিয়করণে ইউপি চেয়ারম্যান, ইউপি সদস্য এবং ইউপি সচিবদের প্রশিক্ষণ শুরু হয়েছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে জনাব মিরাজ উদ্দিন আহমেদ পিপিএম, পুলিশ সুপার সিরাজগঞ্জ বলেন, দরিদ্র ও প্রান্তিক এলাকার জনগণ যাতে গ্রাম আদালতের মাধ্যমে কম সময়ে ও কম খরচে তাদের বিরোধ নিষ্পত্তি করতে পারে এ জন্য গণমাধ্যমকে বিভিন্ন ইতিবাচক সংবাদ প্রচারে ভূমিকা রাখতে হবে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন, সৈয়দ ইরতিজা আহসান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), এবং এতে সভাপতিত্ব করেন জনাব আবু নূর মোঃ শামসুজ্জামান, উপপরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ। অনুষ্ঠানে ইউএনডিপি-এর পক্ষে বক্তব্য রাখেন: অর্পনা ঘোষ, কমিউনিকেশন ও আউটরিচ স্পেশালিস্ট এবং আনোয়ার হোসেন, ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটের বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প।

সভার সভাপতি জনাব আবু নূর মোঃ শামসুজ্জামান, উপপরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ বলেন, গত জুলাই ২০১৭ইং থেকে ফেব্রুয়ারী, ২০১৮ইং পর্যন্ত প্রকল্পভুক্ত ৪৫টি ইউনিয়নে ১,১০৫টি মামলা দায়ের হয়েছে যার মধ্যে ১,০১৮টি মামলা (৯২%) নিষ্পত্তি হয়েছে এবং ক্ষতিপূরণ বাবদ ৬৬,৬৫,৩৮০ টাকা আদায় হয়েছে। এছাড়াও জমি উদ্ধার হয়েছে ৬৪৫ শতাংশ যার আনুমানিক মূল্য ৫৭,২৩,৩০০ টাকা। তিনি এই বিচারিক সুবিধার কথা সিরাজগঞ্জ জেলার চরাঞ্চলসহ প্রত্যন্ত অঞ্চলের দরিদ্র, সুবিধা বঞ্চিত গ্রামীণ জনগণ বিশেষত নারীদের মাঝে পৌঁছে দেবার জন্য গণমাধ্যমের কর্মীদের আহ্বান জানান।

ধন্যবাদান্তে,

আবু নূর মোঃ শামসুজ্জামান

উপপরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ

আরো তথ্য পেতে যোগাযোগ করুন:

- আনোয়ার হোসেন, ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটের, সিরাজগঞ্জ।
বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প
মোবাইল: ০১৭০৮-৪৯১৯৬৩, ইমেইল: md.hossain@undp.org
- অর্পনা ঘোষ, কমিউনিকেশনস ও আউটরিচ স্পেশালিস্ট
বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প
মোবাইল: ০১৭০-৮১২২৯৪০, ইমেইল: arpona.ghosh@undp.org

দৃষ্টব্য: ইউরোপীয়ান ইউনিয়ন ও ইউএনডিপি উন্নয়ন সহযোগী হিসেবে বাংলাদেশ সরকারের সঙ্গে বিভিন্ন উন্নয়নমূলক বিশেষ করে গ্রামীণ জনগণের কাছে গণতান্ত্রিক সুশাসন ও বিচারিক সুবিধা নিশ্চিত করতে অংশীদারিত্বের ভিত্তিতে কাজ করে থাকে।